# রংপুরে শহীদ আবু সাঈদের কবর জিয়ারত করলেন তারেক রহমান




আবু সাঈদের কবর জিয়ারত করেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

চব্বিশের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে প্রথম শহীদ আবু সাঈদের কবর জিয়ারত করেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। শুক্রবার সন্ধ্যায় তিনি পীরগঞ্জের জাফরপাড়া বাবনপুর গ্রামে গিয়ে কবরের পাশে দাঁড়িয়ে দোয়া ও শ্রদ্ধা জানান।

কবর জিয়ারতের পর আবু সাঈদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন তিনি। এ সময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য এজেডএম জাহিদ হোসেনসহ রংপুরের জেলা নেতারা উপস্থিত ছিলেন।

পরে এজেডএম জাহিদ হোসেন বলেন, তারেক রহমান শহীদ আবু সাঈদের রুহের মাগফিরাত কামনা করেছেন। তিনি আরও বলেন, আবু সাঈদ দেখিয়ে গেছেন কীভাবে স্বৈরাচারের বিরুদ্ধে বুক উঁচিয়ে দাঁড়াতে হয় এবং গুলির মুখেও প্রতিরোধ গড়ে তুলতে হয়।

তিনি যোগ করেন, শুধু মৃত্যুদিনে স্মরণ নয়—আবু সাঈদের আত্মত্যাগের শিক্ষা বাস্তবে ধারণ করাই সবার দায়িত্ব। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ১২তম ব্যাচের শিক্ষার্থী আবু সাঈদ জুলাই আন্দোলনের একজন সমন্বয়ক ছিলেন।

LENS ASIA